Times Today BD

জেলা প্রতিনিধি | ঢাকা | 23 April, 2025

নারায়ণগঞ্জের আড়াইহাজারে ছুলেখা বেগম (৩০) নামের এক নারীর গলাকাটা লাশ উদ্ধার

করা হয়েছে।আজ বুধবার উপজেলার নারান্দী গ্রামে এ ঘটনা ঘটে।এতে জড়িত সন্দেহে তাঁর

স্বামী আব্দুর রব মিয়াকে আটক করেছে পুলিশ।

স্থানীয় বাসিন্দারা জানান, আজ বেলা ১১টার দিকে নিজ ঘরে ছুলেখার গলাকাটা লাশ পড়ে

থাকতে দেখতে পান প্রতিবেশীরা।এ সময় তাঁরা আব্দুর রবকে একটি ধারালো ছুরি হাতে

দেখতে পেয়ে তাঁকে আটক করে রাখেন। পরে খবর পেয়ে পুলিশ ঘটনাস্থলে এসে তাঁকে

হেফাজতে নেয়।

আড়াইহাজার থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) নজরুল ইসলাম বলেন, আব্দুর রবকে প্রাথমিক

জিজ্ঞাসাবাদে জানা গেছে, সকালে ছুলেখার সঙ্গে তাঁর ঝগড়া হয়।একপর্যায়ে তিনি পিটিয়ে ও

গলা কেটে স্ত্রীকে হত্যা করেন।লাশ উদ্ধার করে ময়নাতদন্তের জন্য নারায়ণগঞ্জ ভিক্টোরিয়া

জেনারেল হাসপাতালের মর্গে পাঠানো হয়েছে।এ ঘটনায় মামলার প্রস্তুতি চলছে।

পুলিশ আটক হত্যা খুন

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 19 June, 2025 00:43